

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০৬

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ৩১. সাদাকা (যাকাত) আদায়কারী কর্মাচারীকে হাদীয়া দেয়া হলে তা কার জন্য?

بَابِ مَا يُهْدَى لِعُمَّالِ الصَّدَقَةِ لِمَنْ هُوَ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْيَمَانِ الْحَكَمُ بْنُ نَافِعِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ حَدَّثَنِي عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ عَنْ أَبِي حُمِيْدِ الْأَنْصَارِيِّ ثُمَّ السَّاعِدِيِّ أَنَّهُ أَخْبَرَهُ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَهَلَّا قَعَدْتَ فِي بَيْتِ أَبِيكَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَهَلَّا قَعَدْتَ فِي بَيْتِ أَبِيكَ الَّذِي لَكُمْ وَهَذَا أُهْدِيَ لِي فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَهَلَّا قَعَدْتَ فِي بَيْتِ أَبِيكَ وَأَمِّكَ فَنَظُرْتَ أَيُهْدَى لَكُ أَمْ لَا ثُمَّ قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَشِيَّةً بِعْدَ الصَّلَاةِ وَلَمْ النَّبِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَشِيَّةً بَعْدَ الصَّلَاةِ وَلَمْ الْمَنْبَرِ فَتَشَهَّدَ وَأَثْنَى عَلَى اللَّهِ بِمَا هُو أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ مَا بَالُ الْعَامِلِ نَسْتَعْمِلُهُ عَلَى الْمُنْبَرِ فَتَشَهَّدَ وَأَثْنَى عَلَى اللَّهِ بِمَا هُو أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ مَا بَالُ الْعَامِلِ نَسْتَعْمِلُهُ وَلَيْ الْمُنْبَرِ فَتَشَهَّدَ وَأَثْنَى عَلَى اللَّهِ بِمَا هُو أَهْلُهُ ثُمَّ قَالَ أَمَّا بَعْدُ مَا بَالُ الْعَامِلِ نَسْتَعْمِلُهُ وَيَلْمَ لَي اللَّهُ عَلَى الْمَنْبَرِ فَتَشَهَدً وَأَنْتَى عَلَى اللَّهُ عَلَى عَلَيْهِ إِنْ كَانَ بَعِيرًا جَاءَ بِهِ لَهُ رُغَاءٌ وَإِنْ كَانَتْ بَقَرَةً جَاءَ بِهَا لَهَا خُوارٌ وَإِنْ كَانَتْ شَاةً جَاءَ بِهَا لَهَا خُوارٌ وَإِنْ كَانَتْ شَاةً جَاءَ بِهَا لَهَ عَلَى عُلُولُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ لَلْكُ مَعِي مِنْ النَّهِ عَلَى عَلَيْهِ وَسَلَّمَ زَيْدُ بُنُ قَائِتِ فَسَلُوهُ وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَكَ مَعِي مِنْ النَّهِ وَسَلَّمَ وَلَكَ مَعِي مِنْ النَّهِ وَسَلَّمَ وَيُدُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلِكَ مَعِي مِنْ النَّهِ فَسَلَّمَ وَلَكَ مَعِي مِنْ النَّهِ وَسَلَّمَ وَلَكَ مَعِي مِنْ النَّهِ وَسَلَّمَ وَيْدُ وَسُلُمَ وَلَكَ مَعِي مِنْ النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ وَلِكَ مَعِي مِنْ النَّهِ عَلَيْهِ وَسَلَّمَ وَسُلَمَ وَلَكَ مَعْ وَلُكُ مُنَا اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ وَلَكَ مَعَى وَلَكَ مَعْ وَلَاكَ مَعَى عَلَيْهِ وَسُلَمَ وَلَاكُونَا وَلَا لَا لَكُ عَلَيْهِ

বাংলা

১৭০৬. হুমায়দ সা'ইদী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জনৈক ব্যক্তিকে যাকাত আদায়ের জন্য কর্মচারী হিসাবে নিয়োগ করেন। যখন সে যাকাত আদায় করে ফিরে আসলো, তখন সে বললোঃ এগুলো আপনাদের জন্য এবং এগুলো আমাকে হাদিয়া স্বরূপ দেওয়া হয়েছে । তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: "তুমি তোমার পিতা- মাতার গৃহে বসে থেকে দেখতে যে, তোমাকে হাদিয়া দেওয়া হয় কিনা? "অত:পর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বিকালের সালাত শেষে মিম্বরের উপর দাঁড়ালেন এবং শাহাদতের বাক্য উচ্চারণ করে আল্লাহর যথাযোগ্য প্রশংসা ও গুণগান আদায়ের পর বললেনঃ "অত:পর, আমি



যাকে কর্মচারী হিসেবে নিয়োগ করে পাঠাই, তার কী হলো যে, সে ফিরে এসে বলবেঃ 'এই মাল তোমাদের এবং এই হাদিয়া আমাকে দেওয়া হয়েছে?!'

সে তার পিতা-মাতার গৃহে বসে থেকে দেখলো না কেন যে, তাকে হাদিয়া দেওয়া হয় কিনা? যাঁর হাতে আমার জীবন, সেই মহান সন্তার কসম! তোমাদের কেউ (যাকাতের সম্পদ হতে) কোনো জিনিস আত্মসাৎ করলে কিয়ামতের দিন সে তা (কাঁধে) বহন করে নিয়ে উপস্থিত হবে। যদি তা উট হয়, তবে সে উট আওয়ায করতে থাকবে। যদি গাভী হয়, তবে গরু হাম্বা-হাম্বা ডাক দিতে দিতে আসবে। আর যদি বকরী হয়, তবে সেটিও ডাকতে থাকবে। এরপর তিনি (সা) তাঁর দু'হাত (দু'আর জন্য) এত উপরে উঠালেন যে, আমরা তাঁর বগলের শুভ্রতা দেখতে পাচ্ছিলাম। অতঃপর তিনি বলেনঃ ইয়া আল্লাহ্! আমি কি (তোমার হুকুম) পৌছে দিয়েছি ?" আবৃ হুমাইদ বলেন, যাইদ ইবনু ছাবিত রাদ্বিয়াল্লাহু আনহুও আমার সাথে এটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে শুনেছেন। ফলে তোমরা তাঁকে জিজ্ঞেস করে দেখ।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী, জুমু'আহ ৯২৫, হাইল (কুটকৌশল) ৬৯৭৯; মুসলিম, ইমারাহ ১৮৩২। ((আবূ দাউদ, ইমারাহ ২৯৪৬; আহমাদ ৫/২২৭-, ২৮৫, ৪২৩-ফাওয়ায আহমেদের তাহকীককৃত দারেমী ১৬৬৯ এর টীকা হতে। - অনুবাদক))

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি ুসহীহ ইবনু হিব্বান নং ৪৫১৫; মুসনাদুল হুমাইদী নং ৮৬৩ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুমায়দ সা'ঈদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন